রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৪ সনের ১০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৭, ২০২৪

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৪৩—১৫০ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৮৫—৩১৬ | ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯—১৬ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৪৫—২৫৬ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### অর্থ মন্ত্রণালয়
### আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
### কেন্দ্রীয় ব্যাংক শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ২ পৌষ ১৪৩০/১৭ ডিসেম্বর ২০২৩

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২৮.১৭.৩৭০—পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ধারা ১১ ও ১২ অনুযায়ী জনাব মোঃ আকরাম-আল-হোসেন (অবসরপ্রাপ্ত সিনিয়র সচিব)-কে পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা বোর্ডে পরিচালক ও চেয়ারম্যান হিসেবে ০২(দুই) বছরের জন্য পুনঃনিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

### ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
### তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
### সংস্থা-৩ শাখা

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ/১৪ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নং ৫৬.০০.০০০০.০৫৬.৩২.০০৮.২১.২৯৯—বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ৮নং আইন) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫ অনুযায়ী বাটারফ্লাই ম্যানুফ্যাকচারিং কোঃ লিঃ (Butterfly Manufacturing Co. Ltd.), মল্লিক বাড়ি মোড়, ভালুকা, ময়মনসিংহ এর নিম্নবর্ণিত তফসিলভুক্ত ভূ-সম্পত্তিকে পত্র বর্ণিত শর্তসাপেক্ষে আগামী ০১ (এক) বছরের জন্য "বেসরকারি হাই-টেক পার্ক" হিসেবে ঘোষণা করা হলো :

| | | |
|---|---|---|
| পার্কের নাম | বাটারফ্লাই ম্যানুফ্যাকচারিং কোঃ লিঃ (Butterfly Manufacturing Co. Ltd.) | |
| পার্কের অবস্থান | জেলা | ময়মনসিংহ |
| | উপজেলা | ভালুকা |

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

| পার্কের নাম | বাটারফ্লাই ম্যানুফ্যাকচারিং কোঃ লিঃ (Butterfly Manufacturing Co. Ltd.) | |
|---|---|---|
| | ইউনিয়ন | ভালুকা পৌরসভা, মল্লিকবাড়ি |
| | মৌজা | কাঠালী এবং ধামশুর |
| মোট জমির পরিমাণ = | ৬৭৬২.১৭ শতাংশ | |

**জমির তফসিল**

(ক) কাঠালী মৌজা :

| দলিল নং | খতিয়ান নং | এস. এ. দাগ নং | জমির পরিমাণ (শতাংশ) |
|---|---|---|---|
| ৩৯৩৯ | ১৫৪৮ | ৩৫, ৪০, ৪১, ৪৩, ৪৪, ৪৪/৩৭৯, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৫, ৬৭, ৬৮, ৭৩, ৭৫, ৮৪, ৮৫ | ১১৪৫ |
| ২৯১৪, ২১৩৩ | ২৪৩২ | ২৬২, ২৬৪, ২৬৫, ২৬৮, ২৭১ | ১১৬০ |
| ১১৬১৮, ১০২৯৯ | ২৩৫১ | ২৬৮, ৬৯, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৪৯, ৫৫, ৫১, ৫২, ৫৭, ৫৬, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৬, ৬৭, ৬৮, ৭৯, ৮০, ৪৮, ৭৮, ৭৭, ৫৪, ৫০, ৫৮, ৮৩, ৫৯, ৮৩/৩৮০, ৭৫, ৮৪, ৮৫, ৮৬, ৮৭ | ১৭৩৮.৫০ |
| ৬৫৫ | ২৫০২ | ৪৬, ৬৬, ৭৭, ৮৭ | ৪২ |
| ২০৭৫ | ১০১ | ৩৫, ৩৬ | ২৩ |
| ৩৪৯ | ১৯৬ | ৪৯, ৫৪, ৫৫ | ১৫ |
| ১১৬১৭ | ২৯৬ | ২৬৮, ৮৩, ৬৯, ৮০, ৭৮ | ১২৩ |
| ৩১৭৭ | ৩৮২ | ২৬৭, ২৬৮ | ৪৬ |
| ২০৭৭ | ২৯৬ | ৭৫, ৮০, ৮৪ | ২৯ |
| ২৪৪৪ | ২৯৬ | ৪৩ | ৭ |
| ২৪৪৫ | ২৯৬ | ৬৮, ৭৫, ৮৪ | ২৮ |
| ১০২৯৯ | ১৯৮ | ২৬৮, ৬৯, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৪৯, ৫৫, ৫১, ৫২, ৫৭, ৫৬, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৬, ৬৮, ৭৯, ৮০, ৪৮, ৭৮, ৫৪, ৫০, ৭৭, ৫৮, ৮৩, ৫৯ | ১৮৩ |
| ৮২৭৯ ৯৫১৯ | ৩৭ | ৬৪, ৬৫ | ২২ |
| | | মোট জমির পরিমাণ : | ৪৫৬১.৫০ |

(খ) ধামশুর মৌজা :

| দলিল নং | খতিয়ান নং | এস. এ. দাগ নং | জমির পরিমাণ (শতাংশ) |
|---|---|---|---|
| ৭৪৫৯, ৩৪৫ | ৩৬৩৫ | ২৪৫, ২৩৮, ২৪৯, ২৪৮ | ৩০৫ |
| ১০২০২ | ২৮৪৩ | ২৫০, ২৫৫, ২৬০ | ৩৭০ |
| ৯৫১৯, ৮২৭৯, ৫৮১৭, ৮২৪৮ | ৩৯৯৮ | ২৪৫, ২৪৮, ২৪৯ | ৩৭১.৫৫ |
| ৬৭৮৪ | ৩৬৬৪ | ২৫৫, ২৬০, ২৬১ | ৩৬৭.৭৫ |
| ১২৫৪৫, ১২৫৪৪ | ৩৬৭৫ | ২৫০, ২৫১, ২৪৮, ২৫৫, ২৬০ | ১১৯.৭৫ |
| ৮৯২৪ | ৪৩১০ | ২৬০ | ৩৬ |
| ৭৩২৪ | ২৭১ | ২৪৮, ২৪৯ | ২০০ |
| ১০৬৯৮ | ১০৫ | ২৫৫ | ৫.৩০ |
| ৯৫৪৬ | ১২৪১ | ২৭৯ | ১৩৩.৩২ |
| ৩৭৩ | ৪৫০ | ২৪৯, ২৫১ | ১৮ |
| ৬৭৮৪ | ১৪০ | ২৫৫, ২৬০, ২৬১ | ২৩১ |
| ৮২৪৭ | ১৪০ | ২৫৫, ২৬০ | ২৯ |
| ১২৫৪৪ | ১৯২ | ২৫০, ২৫১, ২৪৮, ২৫৫, ২৬০ | ১১ |
| ১০২০২ | ৪৫০ | ২৫০, ২৫৫, ২৬০ | ৩ |
| | | মোট জমির পরিমাণঃ | ২২০০.৬৭ |

শর্তসমূহ:

(১) বাটারফ্লাই ম্যানুফ্যাকচারিং কোঃ লিঃ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫, এ সংক্রান্ত প্রণীত গাইডলাইনসহ সরকার কর্তৃক সময়ে সময়ে প্রবর্তিত বিধি-বিধান বা নির্দেশনাবলি প্রতিপালন করতে বাধ্য থাকবে;

(২) বাটারফ্লাই ম্যানুফ্যাকচারিং কোঃ লিঃ উপর্যুক্ত তফসিলভুক্ত জমিতে সম্পূর্ণ বা কোনো অংশ তৃতীয় পক্ষের নিকট হস্তান্তর বা বিক্রয় বা বরাদ্দ বা স্থানান্তর করতে পারবে না;

(৩) বাটারফ্লাই ম্যানুফ্যাকচারিং কোঃ লিঃ সরকার কর্তৃক নিষিদ্ধ, বে-আইনী বা অবৈধ কার্যক্রমে জড়িত হতে পারবে না;

(৪) বাটারফ্লাই ম্যানুফ্যাকচারিং কোঃ লিঃ কর্তৃক আবেদনপত্রের সাথে দাখিলকৃত আইনগত দলিলাদি বা কোনো তথ্য ভবিষ্যতে মিথ্যা প্রমাণিত হলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এই অনুমতিপত্র/নবায়নপত্র প্রত্যাহার করতে পারবে;

(৫) পার্কের প্রতিষ্ঠা, উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও প্রসার সংক্রান্ত নিয়ম কানুন যথাযথ প্রতিপালন করতে হবে;

(৬) অর্থনৈতিক ও আর্থিকভাবে টিকিয়া থাকিবার সামর্থ্য এবং সামাজিক উপযোগিতা নিশ্চিত করতে হবে;

(৭) রাষ্ট্রবিরোধী কোনো কর্মকাণ্ডে এবং দেশের স্বার্থবিরোধী কোন কাজে পার্ককে ব্যবহার করা যাবে না;

(৮) পার্কের পরিবেশ সুরক্ষার জন্য পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রণীত আইন ও বিধি-বিধান মেনে চলতে হবে;

(৯) শ্রমিকদের ন্যায্য মজুরিসহ অন্যান্য মৌলিক সুবিধা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(১০) পার্কের উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসারের পলিসি ও কৌশল নির্ধারণসহ বিভিন্ন কর্মপরিকল্পনা নির্ধারণে অনুমতিপত্রধারী এখতিয়ার থাকবে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ পার্ক অনুমতিপত্রধারীকে ঘোষিত পার্কের উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসারের পলিসি ও কৌশল নির্ধারণসহ বিভিন্ন কর্মপরিকল্পনা নির্ধারণে সার্বিক সহায়তা প্রদান করবে;

(১১) পার্কে উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ, প্রসারসহ অর্থনৈতিক ও আর্থিক সফলতা ও ব্যর্থতা পার্ক অনুমতিপত্রধারীর উপর বর্তাবে। এক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বা বাংলাদেশ হাই- টেক পার্ক কর্তৃপক্ষ কোনো প্রকার দায়ভার গ্রহণ করবে না;

(১২) পার্কে বিনিয়োগের পরিমাণ ও কর্মসংস্থান বৃদ্ধি করতে হবে এবং এ সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে দাখিল করতে হবে, যা এতদ্‌সংক্রান্ত কমিটি কর্তৃক পর্যালোচনা করা হবে;

(১৩) পার্কে উৎপাদিত পণ্যের মানের সঠিকতা বজায় রাখতে হবে এবং পণ্য উৎপাদনে নিত্য নতুন প্রযুক্তিগত ব্যবস্থা নিশ্চিত করতে হবে;

(১৪) সকল আইনগত দলিলাদি নিয়মিত হালনাগাদ রাখতে হবে;

(১৫) বাংলাদেশ হাই- টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নবায়ন ফি এবং লাইসেন্স ফি যথাসময়ে পরিশোধ করতে হবে;

(১৬) কর্মীদের জন্য নির্ধারিত ড্রেসকোডের ব্যবস্থাসহ কারখানার কর্মপরিবেশ উন্নত করতে হবে;

(১৭) ব্যাংক কর্তৃক ঋণখেলাপি ঘোষিত হলে এবং উপর্যুক্ত শর্তসমূহ লঙ্ঘন করলে অথবা এ সংক্রান্ত কোনো অভিযোগ পাওয়া গেলে তদন্তসাপেক্ষে এই অনুমতিপত্র/ নবায়নপত্র বাতিল করা হবে;

(১৮) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ যে কোনো সময় এই ঘোষণাপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৫৬.০০.০০০০.০৫৬.৩২.০০৮.২১.৩০০—বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ৮নং আইন) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫ অনুযায়ী ডিজিকন টেকনোলজিস লিমিটেড (Digicon Technologies Ltd.), সফুরা ট্রেড সিটি, ৪র্থ ও ৫ম ফ্লোর, ১নং সুজাতনগর, সেনানিবাস রোড, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-কে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগামী ০১(এক) বছরের জন্য "বেসরকারি সফটওয়্যার টেকনোলজি পার্ক" হিসেবে ঘোষণা করা হলো :

| | |
|---|---|
| পার্কের নাম | ডিজিকন টেকনোলজিস লিমিটেড (Digicon Technologies Ltd.) |
| পার্কের ঠিকানা | সফুরা ট্রেড সিটি, ৪র্থ ও ৫ম ফ্লোর, ১নং সুজাতনগর, সেনানিবাস রোড, পল্লবী, মিরপুর-১২, ঢাকা |
| পার্কের আয়তন | ২০,০০০ বর্গফুট। |

শর্তসমূহ :

(১) ডিজিকন টেকনোলজিস লিমিটেড বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫, এ সংক্রান্ত প্রণীত গাইডলাইনসহ সরকার কর্তৃক সময়ে সময়ে প্রবর্তিত বিধি-বিধান বা নির্দেশনাবলি প্রতিপালন করতে বাধ্য থাকবে;

(২) ডিজিকন টেকনোলজিস লিমিটেড ভাড়াকৃত স্পেসের সম্পূর্ণ বা কোনো অংশ তৃতীয় পক্ষের নিকট হস্তান্তর বা বিক্রয় বা বরাদ্দ বা স্থানান্তর করতে পারবে না;

(৩) ডিজিকন টেকনোলজিস লিমিটেড সরকার কর্তৃক নিষিদ্ধ, বে-আইনী বা অবৈধ কার্যক্রমে জড়িত হতে পারবে না;

(৪) ডিজিকন টেকনোলজিস লিমিটেড কর্তৃক আবেদনপত্রের সাথে দাখিলকৃত আইনগত দলিলাদি বা কোনো তথ্য ভবিষ্যতে মিথ্যা প্রমাণিত হলে তথ্য যোগাযোগ প্রযুক্তি বিভাগ এই অনুমতিপত্র/নবায়নপত্র প্রত্যাহার করতে পারবে;

(৫) পার্কের প্রতিষ্ঠা, উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও প্রসার সংক্রান্ত নিয়ম কানুন যথাযথ প্রতিপালন করতে হবে;

(৬) অর্থনৈতিক ও আর্থিকভাবে টিকে থাকার সামর্থ্য এবং সামাজিক উপযোগিতা নিশ্চিত করতে হবে;

(৭) রাষ্ট্রবিরোধী কোনো কর্মকাণ্ডে এবং দেশের স্বার্থবিরোধী কোনো কাজে পার্ককে ব্যবহার করা যাবে না;

(৮) পার্কের পরিবেশ সুরক্ষার জন্য পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রণীত আইন ও বিধি-বিধান মেনে চলতে হবে;

(৯) শ্রমিকদের ন্যায্য মজুরিসহ অন্যান্য মৌলিক সুবিধা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(১০) পার্কের উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসারের পলিসি ও কৌশল নির্ধারণ বিভিন্ন কর্মপরিকল্পনা নির্ধারণে অনুমতিপত্রধারী এখতিয়ার থাকবে। বাংলাদেশ হাই- টেক পার্ক কর্তপক্ষ পার্ক অনুমতিপত্রধারীকে ঘেষিত পার্কের উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসারের পলিসি ও কৌশল নির্ধারণসহ বিভিন্ন কর্মপরিকল্পনা নির্ধারণে সার্বিক সহায়তা প্রদান করবে;

(১১) পার্কে উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ, প্রসারসহ অর্থনৈতিক ও আর্থিক সফলতা ও ব্যর্থতা পার্ক অনুমতিপত্রধারীর উপর বর্তাবে। এক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বা বাংলাদেশ হাই- টেক পার্ক কর্তৃপক্ষ কোন প্রকার দায়ভার গ্রহণ করবে না;

(১২) পার্কে বিনিয়োগের পরিমাণ ও কর্মসংস্থান বৃদ্ধি করতে হবে এবং এ সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে দাখিল করতে হবে, যা এতদ্‌সংক্রান্ত কমিটি কর্তৃক পর্যালোচনা করা হবে;

(১৩) পার্কে উৎপাদিত পণ্যের মানের সঠিকতা বজায় রাখতে হবে এবং পণ্য উৎপাদনে নিত্য নতুন প্রযুক্তিগত ব্যবস্থা নিশ্চিত করতে হবে;

(১৪) সকল আইনগত দলিলাদি নিয়মিত হালনাগাদ রাখতে হবে;

(১৫) বাংলাদেশ হাই- টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নবায়ন ফি এবং লাইসেন্স ফি যথাসময়ে পরিশোধ করতে হবে;

(১৬) ব্যাংক কর্তৃক ঋণখেলাপি ঘোষিত হলে এবং উপর্যুক্ত শর্তসমূহ লঙ্ঘন করলে অথবা এ সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া গেলে তদন্তসাপেক্ষে এই অনুমতিপত্র/নবায়নপত্র বাতিল করা হবে;

(১৭) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ যে কোন সময় এই ঘোষণাপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রেবেকা সুলতানা**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন অধিশাখা-০২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ অগ্রহায়ণ ১৪৩০/১০ ডিসেম্বর ২০২৩

নং **৪৭.৬১.০০০০.০৩২.০৬.০৮৬.১৬.৬৬০**—বিসিএস (প্রশাসন) কল্যাণ বহুমুখী সমবায় সমিতি লিমিটেড এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন নির্ধারিত সময়ে অনুষ্ঠিত না হওয়ায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভাপতির আবেদন এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তরের মতামতের প্রেক্ষিতে জনস্বার্থে সমিতির বর্তমান ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম পরিচালনার জন্য সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে একই আইনের ১৮(৪) ধারার বাধ্যবাধকতা হতে অব্যাহতি প্রদান করে বিদ্যমান ব্যবস্থাপনা কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ হতে ৩১-১২-২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মাহবুব আলম**
উপসচিব।

[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ ০১ অগ্রহায়ণ ১৪৩০/১৬ নভেম্বর ২০২৩

নং **৪৬.০০.০০০০.০৬৪.৩১.০৪০.১২-১২৪৭**—"স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯" এর ধারা ৪২ এর সংশোধনক্রমে স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন, ২০২২ এর ধারা ৯ অনুযায়ী চাঁদপুর জেলার নারায়ণপুর পৌরসভা পরিচালনা ও উন্নয়নমূলক কর্মকান্ডের জন্য সরকার উক্ত পৌরসভায় উপজেলা নির্বাহী অফিসার, মতলব দক্ষিণ, চাঁদপুর-কে প্রশাসক নিয়োগ করিল।

২। "স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯" এবং সংশ্লিষ্ট বিধি বিধান অনুযায়ী নিয়োগকৃত প্রশাসক উক্ত পৌরসভার সার্বিক দায়িত্ব ও কর্মকান্ড পালন করিবেন।

৩। "স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯" এর ধারা ১২৯-এর আলোকে মেয়াদ উত্তীর্ণের তারিখ হইতে নতুন প্রশাসক নিয়োগের পূর্ব পর্যন্ত পূববর্তী প্রশাসকের সম্পাদিত কার্যক্রম ভূতাপেক্ষভাবে অনুমোদন করা হইল।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহবুবুর রহমান ভূঁইয়া**
উপসচিব।

---

**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ অগ্রহায়ণ ১৪৩০/০৪ ডিসেম্বর ২০২৩

নং **৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-১৭৯০**—ময়মনসিংহ জেলার ত্রিশাল পৌরসভার মেয়র জনাব এ বি এম আনিছুজ্জামান স্বেচ্ছায় পদত্যাগ করায় সরকার তথা স্থানীয় সরকার বিভাগ কর্তৃক স্থানীয় সরকার ( পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(গ) অনুযায়ী ময়মনসিংহ জেলার ত্রিশাল পৌরসভার মেয়র এর পদ ২৮ নভেম্বর ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-১৭৬২ নং প্রজ্ঞাপনমূলে শূন্য ঘোষণা করা হয়।

২। এমতাবস্থায়, ময়মনসিংহ জেলার ত্রিশাল পৌরসভার নতুন মেয়রের কার্যভার গ্রহণ না করা পর্যন্ত স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৪০(৩) অনুযায়ী সর্বশেষ পুনর্গঠিত মেয়রের প্যানেল হতে প্যানেল মেয়র-১ কে উক্ত পৌরসভার প্রশাসনিক ও আর্থিক ক্ষমতাসহ মেয়র এর দায়িত্ব অর্পণ করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুর রহমান**
উপসচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সরকারি কলেজ-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ অগ্রহায়ণ ১৪৩০/১১ ডিসেম্বর ২০২৩

নং **৩৭.০০.০০০০.০৬৯.০৮.০০১.১৯.১৭২৫**—সরকারি ও বেসরকারি কলেজসমূহের ২০২৪ সালের (১৪৩০-১৪৩১ বঙ্গাব্দ) বাৎসরিক ছুটির তালিকায় মন্ত্রণালয়ের অনুমোদন জ্ঞাপন করা হলো :

| ক্রমিক | ছুটির উপলক্ষ্য | অনুমোদিত ছুটির তারিখ ও দিন | বঙ্গাব্দের তারিখ | দিন সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | *শব-ই-মিরাজ | ০৯ ফেব্রুয়ারি, শুক্রবার, ২০২৪ | ২৬ মাঘ, ১৪৩০ | ০০ |
| ০২ | শ্রী শ্রী সরস্বতী পূজা | ১৪ ফেব্রুয়ারি, বুধবার, ২০২৪ | ০১ ফাল্গুন, ১৪৩০ | ০১ |
| ০৩ | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারি, বুধবার, ২০২৪ | ০৮ ফাল্গুন, ১৪৩০ | ০১ |
| ০৪ | *মাঘী পূর্ণিমা | ২৩ ফেব্রুয়ারি, শুক্রবার, ২০২৪ | ১০ ফাল্গুন, ১৪৩০ | ০০ |
| ০৫ | *শব-ই-বরাত | ২৬ ফেব্রুয়ারি, সোমবার, ২০২৪ | ১৩ ফাল্গুন, ১৪৩০ | ০১ |
| ০৬ | *পবিত্র রমজান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস (১৭ মার্চ), দোলযাত্রা (২৫ মার্চ), স্বাধীনতা ও জাতীয় দিবস (২৬ মার্চ), পূণ্য শুক্রবার (২৯ মার্চ), ইস্টার সানডে (৩১ মার্চ), জুমাতুল বিদা (০৫ এপ্রিল), * শব-ই-ক্বদর (০৭ এপ্রিল), * ঈদ-উল-ফিতর (১১ এপ্রিল), বৈসাবি ও পার্বত্য চট্টগ্রামের অন্যান্য ক্ষুদ্র নৃ- গোষ্ঠীর অনুরূপ সামাজিক উৎসব (১২ এপ্রিল ও ১৫ এপ্রিল), বাংলা নববর্ষ (১৪ এপ্রিল) ও গ্রীষ্মকালীন অবকাশ। | ১০ মার্চ, রবিবার, ২০২৪ হতে ১৮ এপ্রিল, বৃহস্পতিবার, ২০২৪ পর্যন্ত | ২৬ ফাল্গুন, ১৪৩০ থেকে ৫ বৈশাখ, ১৪৩১ পর্যন্ত | ৩০ |
| ০৭ | মে দিবস | ০১ মে, বুধবার, ২০২৪ | ১৮ বৈশাখ, ১৪৩১ | ০১ |
| ০৮ | *বুদ্ধ পূর্ণিমা (বৈশাখী পূর্ণিমা) | ২২ মে, বুধবার, ২০২৪ | ০৮ জ্যৈষ্ঠ, ১৪৩১ | ০১ |
| ০৯ | *পবিত্র ঈদ-উল-আযহা | ১৩ জুন, বৃহস্পতিবার, ২০২৪ হতে ২৩ জুন রবিবার, ২০২৪ পর্যন্ত | ৩০ জ্যৈষ্ঠ হতে ০৯ আষাঢ়, ১৪৩১ | ০৭ |
| ১০ | *হিজরী নববর্ষ | ০৮ জুলাই, সোমবার, ২০২৪ | ২৪ আষাঢ়, ১৪৩১ | ০১ |
| ১১ | *আশুরা | ১৭ জুলাই, বুধবার, ২০২৪ | ০২ শ্রাবণ, ১৪৩১ | ০১ |
| ১২ | জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট, বৃহস্পতিবার, ২০২৪ | ৩১ শ্রাবণ, ১৪৩১ | ০১ |
| ১৩ | শুভ জন্মাষ্টমী | ২৬ আগস্ট, সোমবার, ২০২৪ | ১১ ভাদ্র, ১৪৩১ | ০১ |
| ১৪ | *আখেরি চাহার সোম্বা | ০৪ সেপ্টেম্বর, বুধবার, ২০২৪ | ২০ ভাদ্র, ১৪৩১ | ০১ |
| ১৫ | *ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) | ১৬ সেপ্টেম্বর, সোমাবার, ২০২৪ | ০১ আশ্বিন, ১৪৩১ | ০১ |
| ১৬ | শ্রী শ্রী দূর্গা পূজা (বিজয়া দশমী ১৩ অক্টোবর), ফাতেহা-ই-ইয়াজদাহম (১৫ অক্টোবর), শ্রী শ্রী লক্ষ্মী পূজা (১৬ অক্টোবর) এবং *প্রবারণা পূর্ণিমা (১৬ অক্টোবর) | ০৯ অক্টোবর, বুধবার, ২০২৪ হতে ১৭ অক্টোবর, বৃহস্পতিবার, ২০২৪ পর্যন্ত | ২৪ আশ্বিন, ১৪৩১ হতে ০১ কার্তিক, ১৪৩১ পর্যন্ত | ০৭ |
| ১৭ | শ্রী শ্রী শ্যামা পূজা | ৩১ অক্টোবর, বৃহস্পতিবার, ২০২৪ | ১৫ কার্তিক, ১৪৩১ | ০১ |
| ১৮ | বিজয় দিবস | ১৬ ডিসেম্বর, সোমবার, ২০২৪ | ০১ পৌষ, ১৪৩১ | ০১ |
| ১৯ | শীতকালীন অবকাশ এবং যিশু খ্রিস্টের জন্মদিন (বড় দিন, ২৫ ডিসেম্বর) | ১৭ ডিসেম্বর, মঙ্গলবার, ২০২৪ হতে ৩১ ডিসেম্বর, মঙ্গলবার, ২০২৪ পর্যন্ত | ০২ পৌষ, ১৪৩১ হতে ১৬ পৌষ, ১৪৩১ পর্যন্ত | ১১ |
| ২০ | প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি | | | ০৩ |
| | | | মোট= | ৭১ |

(* চিহ্নিত ছুটির তারিখ চাঁদ দেখার উপর নির্ভরশীল)

বিঃ দ্রঃ সপ্তাহে শুক্রবার ও শনিবার ০২ (দুই) দিন ছুটি থাকবে।

**একাডেমিক কার্যক্রমের সময়সূচি**

| কার্যক্রমের নাম | সময় | ফলাফল প্রকাশ |
|---|---|---|
| একাদশ শ্রেণিতে ভর্তির কার্যক্রম | ০৯ জুন, ২০২৪ | |
| একাদশ শ্রেণির ক্লাশ শুরু | ২১ জুলাই, ২০২৪ | |
| একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষা (সেশন: ২০২৩-২০২৪) | ২৬ জুন, ২০২৪ | ১৬ জুলাই, ২০২৪ |
| দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষা (সেশন: ২০২২-২০২৩) | ফেব্রুয়ারি, ২০২৪ | মার্চ, ২০২৪ |

১। কোনো সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে প্রতিষ্ঠান ছুটি দেওয়া যাবে না এবং সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাশ বন্ধ করা যাবে না। সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

২। জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ দিবস, যথা: ২১ ফেব্রুয়ারি, ১৭ মার্চ, ২৬ মার্চ, ১৫ আগস্ট ও ১৬ ডিসেম্বর ক্লাস বন্ধ থাকবে। তবে সংশ্লিষ্ট দিবসের বিষয়ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে দিবসটি উদযাপন করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসাঃ রোকেয়া পারভীন**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ২০ অগ্রহায়ণ ১৪৩০/০৫ ডিসেম্বর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৫০.৮৭(১)-৪৪৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মুহাম্মদ বদরুদ্দীন সাদী, জন্ম তারিখ : ০১-০৩-১৯৮৮ খ্রি., পিতা- মোঃ নাছির উদ্দীন, মাতা-সোলতানা রাজিয়া, গ্রাম-আধুনগর, ডাকঘর-আধুনগর, উপজেলা-লোহাগাড়া, জেলা-চট্টগ্রাম।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার লোহাগাড়া উপজেলার ০৯ নং আধুনগর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**অগ্নি শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ কার্তিক ১৪৩০/১৫ নভেম্বর ২০২৩

নং **৫৮.০০.০০০০.০৫৩.২৩.০০১.২৩-৩১৯**—ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নিম্নবর্ণিত ৩৮ জন কর্মকর্তা/কর্মচারীর অনুকূলে তাদের সাহসিকতা, ঝুঁকিপূর্ণ ও সেবামূলক কাজের স্বীকৃতিস্বরূপ ২০২৩ সালের (ক) প্রেসিডেন্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স পদক (খ) প্রেসিডেন্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (সেবা) পদক (গ) বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স পদক এবং (ঘ) বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (সেবা) পদক প্রদান করা হলো:

**(ক) প্রেসিডেন্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স পদক**

| ক্র: | নাম, পিএন, পদবি ও বর্তমান কর্মস্থল |
|---|---|
| (১) | মোঃ নইমুল আহছান ভুঁইয়া (পিএন-১৪০০), সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। |
| (২) | জনাব শামছুল আলম (পিএন-৯৯৮৯/১০০৫০২), ওয়্যার হাউজ ইন্সপেক্টর, সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম (সংযুক্ত: আগ্রাবাদ ফায়ার স্টেশন)। |
| (৩) | জনাবা মোঃ আরসাদ ইসলাম (পিএন-১৩৪৭৮), ডুবুরি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, সিদ্দিকবাজার, ঢাকা। |
| (৪) | জনাব মোঃ পজিরুল ইসলাম (পিএন-৮৪৪৩/৫০২৭৪০), ফায়ারফাইটার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, পঞ্চগড়। |
| (৫) | জনাব টিটু কুমার বসাক (পিএন-২২২০/৩০০৮০৫), লিডার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, নিউমুরিং (সংযুক্ত: আগ্রাবাদ ফায়ার স্টেশন)। |
| (৬) | জনাব মোঃ হাবিবুর রহমান মিজি (পিএন-৩৬০৯/৪০০৩১০, ড্রাইভার, দৌলতগঞ্জ বাজার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, কুমিল্লা। |
| (৭) | জনাব বাদল মিয়া (পিএন-৭৯৭১/৫০২২৯৬) ফায়ারফাইটার, টংগী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, গাজীপুর। |

**(খ) প্রেসিডেন্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ( সেবা ) পদক**

| ক্রঃ | নাম, পিএন, পদবি ও বর্তমান কর্মস্থল |
|---|---|
| (১) | জনাব মোঃ শারফুল আহসান ভুঞা (পিএন-৩১৫৯), সহকারী পরিচালক, সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পাবনা |

| ক্রঃ | নাম, পিএন, পদবি ও বর্তমান কর্মস্থল |
|---|---|
| (২) | জনাব মোঃ আলাউদ্দিন (পিএন-২১০৯/১০০০৭১), প্রশিক্ষক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা। |
| (৩) | জনাব মোহাম্মদ ওসমান গনি (পিএন-২২০৭/১০০১৪১), সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন ডেমরা, ঢাকা। |
| (৪) | জনাব খালেদা ইয়াসমিন (পিএন-৯৯১৩/১০০৫৩৮), মবিলাইজিং অফিসার, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। |
| (৫) | জনাব রাজু আহমেদ (পিএন-১১০৯৬/১০০৬৪০), স্টেশন অফিসার, বারিধারা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা। |
| (৬) | জনাব কনক কান্তি বড়ুয়া (পিএন-৪৩০৮), লিডার (মরণোত্তর), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ফেনী। |
| (৭) | জনাব মোঃ হাসিবুর রহমান (পিএন-৯২৯৫/৫০৩৪০৯) ফায়ারফাইটার, কুমিল্লা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, (সংযুক্ত: চাঁদপুর নদী ফায়ার স্টেশন)। |
| (৮) | জনাব মোঃ শরিফুল ইসলাম (পিএন-১১১১৮), ফায়ার ফাইটার, কাহারুল ফায়ার স্টেশন দিনাজপুর (সংযুক্ত: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।) |
| (৯) | জনাব মোঃ হারুনুর রশিদ (পিএন-১২৩১৪/৫০৫৩৮৩), নার্সিং এ্যাটেনডেন্ট, টাংগাইল ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন। |
| (১০) | জনাব মোঃ এমাম হোসেন (পিএন-৭৮২৯/৭০০১০০), আর্মেচার বাইন্ডার, বিভাগীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ময়মনসিংহ (সংযুক্ত: কেন্দ্রীয় কারিগরি কারখানা, অধিদপ্তর, ঢাকা।) |

(বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স পদক

| ক্রঃ | নাম, পিএন, পদবি ও বর্তমান কর্মস্থল |
|---|---|
| (১) | জনাব দিনমনি শর্মা (পিএন-১০০০১৭/৫৭১০), উপপরিচাক, উপপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রংপুর। |
| (২) | জনাব রুহুল আমিন মোল্লা (পিএন-৪১৩৪/১০০২০০), সিনিয়র স্টেশন অফিসার, আদমজী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, নারায়ণগঞ্জ। |
| (৩) | জনাব দেওয়ান মোঃ রাজিব (পিএন-৬৬৫২/১০০২১৯), সিনিয়র স্টেশন অফিসার সিদ্দিকবাজার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা। |
| (৪) | জনাব পিংগল বাড়ৈ (পিএন-১৩৭৬৩), ড্রাইভার, কুমিরা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম। |
| (৫) | জনাব চাঁন মিয়া (পিএন-১৩৬৯৯), ড্রাইভার, কুমিরা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম। |
| (৬) | জনাব সোহেল রানা (পিএন-১৩৬০০), ড্রাইভার, কুমিরা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম। |
| (৭) | জনাব বশির উদ্দিন (পিএন-২৪৯৯/৫০৭০০৫৪) ফায়ারফাইটার কাম ডুবুরি, বরিশাল দক্ষিণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, (সংযুক্ত: নদী ফায়ার স্টেশন, বরিশাল)। |
| (৮) | জনাব মোঃ রবিন মিয়া (পিএন-১২৯৬৫), ফায়ার ফাইটার, ধামরাই ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা। |
| (৯) | জনাব তাইবুর রহমান (পিএন-১২৯৬৫), ফায়ারফাইটার কুমিরা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম। |

**(ঘ) বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (সেবা) পদক**

| ক্রঃ | নাম, পিএন, পদবি ও বর্তমান কর্মস্থল |
|---|---|
| (১) | জনাব বাবুল চক্রবর্তী (পিএন-৪৭৪৩), উপপরিচালক (পরিকল্পনা), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। |
| (২) | জনাব আনোয়ারুল হক (পিএন-১০০০৫০/৫৫১৯), উপাধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স মিরপুর, ঢাকা। |
| (৩) | জনাব মোহাম্মদ মোবারক আলী (পিএন-১৭৯৮), উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কিশোরগঞ্জ। |
| (৪) | জনাব উদয়ন চাকমা (পিএন-১০০২৭/১০০৫৩৫), স্টেশন অফিসার, বোয়ালখালী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম (সংযুক্ত: অস্থায়ী প্রশিক্ষণ ক্যাম্প, উপপরিচালকের দপ্তর, চট্টগ্রাম। |
| (৫) | জনাব মুহাম্মদ আনছার উদ্দীন (পিএন-৪২৪৬/ ৫০০২০৪), লিডার, বারিধারা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা। |
| (৬) | জনাব আবদুস সবুর (পিএন-২৭২৩), লিডার সহকারী পরিচালকের দপ্তর, অ্যাম্বুলেন্স শাখা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চট্টগ্রাম। |
| (৭) | জনাব মোঃ দুলাল মিয়া (পিএন-১০১৭/৪০০০৫৫), ড্রাইভার সহকারী পরিচালকের দপ্তর (এল আর শাখা), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা। |
| (৮) | জনাব মোঃ ফিরোজ শেখ (পিএন-৭৩০৯/৪০০৬৯৫), ড্রাইভার সহকারী পরিচালকের দপ্তর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, স্টেশন, ঢাকা। |
| (৯) | জনাব মোঃ নাজমুল ইসলাম (পিএন- ১৩৭৯২/৫০৬৪৮৮), ফায়ারফাইটার, মিরসরাই ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম। |
| (১০) | জনাব আনিছুর রহমান চৌধুরী (পিএন-৫০৩২৫৪), ফায়ারফাইটার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, রাঙ্গামাটি। |
| (১১) | জনাব মোঃ রাসেল রানা পিএন-১৪৪০৯/৫০৭১০৫), ফায়ারফাইটার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, শাজাহানপুর, বগুড়া। |
| (১২) | জনাব সুজন মন্ডল পিএন-৯২৯০/৫০৩৪১৬), ফায়ারফাইটার, সিদ্দিকবাজার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা। |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাহিদুল ইসলাম**
যুগ্মসচিব।

**Ministry of Foreign Affairs**
**Protocal Wing**

**Notification**

No. **19.00.0000.715.45.033.24-247** 13 February 2024

This is to notify that the People's Republic of Bangladesh and the United Nations agree that—

Standard Basic Assistance Agreements (SBAA) concluded between the People's Republic of Bangladesh and the United Nations Development Programme (UNDP) on 25 November 1986 be applied, *Mutatis Mutandis*, to the office of the United Nations Resident Coordinator (UNRC) in the People's Republic of Bangladesh including the Resident Coordinator and other international staff-members of the Office with effect from 22 January 2023 until further notice.

By Order of the President

**Falgunee Bagchi**
Senior Assistant Secretary (Policy).

---

**[ একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত হবে ]**
**ভূমি মন্ত্রণালয়**
**মাঠ প্রশাসন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/১২ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৬.১১.০০৮.২১.১৮৪**—ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ অধিশাখার ১৭-১১-২০২২ তারিখের **৩১.০০.০০০০.০৪৬.১১.০০৮.২১.৪৯৩** নম্বর স্মারকে নিম্নোক্ত আকারে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা এবং ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা পদের উন্নীত স্কেলে বেতন নির্ধারণ সংক্রান্ত জি.ও পৃষ্ঠাঙ্কনের জন্য জারি করে অর্থ বিভাগে প্রেরণ করা হয়:

| ক্রম | পদের নাম | উন্নীত পদমর্যাদা, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | নিয়োগের শর্ত/ যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (প্রাক্তন তহশীলদার) | দ্বিতীয় শ্রেণি টাঃ ১২৫০০—৩০২৩০ (গ্রেড-১১) | ভূমি সহকারী কর্মকর্তা এবং ভূমি উপ-সহকারী কর্মকর্তা নিয়োগ বিধিমালা, ২০২১ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ২ | ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা (প্রাক্তন সহকারী তহশীলদার) | দ্বিতীয় শ্রেণি, টাঃ ১১৩০০—২৭৩০০ (গ্রেড-১২) | |

০২। কিন্তু অর্থ বিভাগ বর্ণিত জি.ও টি পৃষ্ঠাঙ্কন না করায় ভূমি মন্ত্রণালয় কর্তৃক এন্ডোর্সমেন্ট করা হয়নি। তথাপি জি.ও টি বিজি প্রেস কর্তৃক বৃহস্পতিবার মার্চ ২, ২০২৩ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে, যা বিধিসম্মত হয়নি। বিষয়টি উদ্দেশ্য প্রণোদিত এবং অনভিপ্রেত।

০৩। এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়ের পৃষ্ঠাঙ্কন এবং ভূমি মন্ত্রণালয়ের এন্ডোর্সমেন্ট ব্যতীত ভূমি মন্ত্রণালয়ের ১৭-১১-২০২২ তারিখের **৩১.০০.০০০০.০৪৬.১১.০০৮.২১.৪৯৩** নম্বর স্মারকের জি.ও টির বৃহস্পতিবার মার্চ ২, ২০২৩ তারিখে প্রকাশিত গেজেটটি নির্দেশক্রমে বাতিল করা হলো।

**মোছাম্মাৎ মমতাজ বেগম**
যুগ্মসচিব।

---

**[একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে]**
**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ/২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৩৮.০০.০০০০.০০৪.০৪.০২০.২২-৪৩৭**—যেহেতু, জনাব মোঃ মাইনুল ইসলাম হাওলাদার, ইন্স্ট্রাক্টর (সাময়িক বরখাস্ত), উপজেলা রিসোর্স সেন্টার, মির্জাগঞ্জ, পটুয়াখালী-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন। তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত অসুবিধার কারণ দেখিয়ে প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২০ এর কক্ষ পরিদর্শকের দায়িত্ব পালনে অপারগতা প্রকাশ করে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত তার প্রাক্তন কর্মস্থল রাজবাড়ীতে গমন করেন, যা অসদাচরণের পর্যায়ভুক্ত অপরাধ মর্মে তদন্তকারী কর্মকর্তা মতামত প্রদান করেছেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অসদাচরণ ও দুর্নীতির অভিযোগের মধ্যে দুর্নীতির অভিযোগ তদন্তে প্রমাণিত না হলেও অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ক) অনুযায়ী "নিম্ন বেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযোগনামার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানো নোটিশের জবাব ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সেহেতু, জনাব মোঃ মাইনুল ইসলাম হাওলাদার, ইন্স্ট্রাক্টর (সাময়িক বরখাস্ত), উপজেলা রিসোর্স সেন্টার, মির্জাগঞ্জ, পটুয়াখালী-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ঘ) মোতাবেক "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদণ্ড প্রদান করা হলো। তার বর্তমান মূল বেতন ২৫,৪৮০/- হতে ২২,০০০/- টাকায় নির্ধারণ করা হলো। প্রজ্ঞাপন জারির তারিখ হতে এ দণ্ড কার্যকর হবে এবং জুন, ২০২৫ পর্যন্ত তা বহাল থাকবে। অবনমিতকরণ দণ্ড সমাপনান্তে অবনমিতকরণকাল বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না।

২। একইসাথে তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকালীন সময় কর্মকাল হিসেবে গণ্য হবে এবং সাময়িক বরখাস্তকালীন সময়ে গৃহীত খোরপোষ ভাতা তার বেতন-ভাতাদির সাথে সমন্বয় হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ফরিদ আহাম্মদ**
সচিব।